# দিঘলিয়া উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২১মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-০৯/২০২১)

সভাপতি : শেখ মারুফুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ২৯ সেপ্টেম্বর ২০২১, বুধবার

সময় : বিকাল ১২: ০০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত আগস্ট ২০২১, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | আগস্ট ২০২১ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২. | স্থায়ী কমিটি সমূহের সভা | উপজেলা নির্বাহী অফিসার সভায় স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট অফিস সহকারী জানান যে, ২০২১ মাসে ০৯টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, যথাসময়ে সভা আহবানপূর্বক সভার কার্যবিবরণী প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, নিয়মিতভাবে স্থায়ী কমিটির সভা আহবান করতে হবে। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করবেন সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় |
| ০৩ | উপজেলা পরিষদের আয়-ব্যয়সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: আগস্ট/২০২১ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়- ৯,৬১,৫৯০/-<br>সর্বমোট ব্যয়- ৩,৯২,০৮৫ /- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৪ | উপজেলা মৎস্য ও প্রানিসম্পদ কমিটির সুপারিশ | সভায় উপজেলা সিনিয়র মৎস্য অফিসার জানান যে, আগামী ০৪ অক্টোবর ২০২১ হতে ২৫ অক্টোবর পর্যন্ত ২২ দিন মা ইলিশ রক্ষার্থে ইলিশ সংরক্ষণ অভিযান ২০২১ পরিচালিত হবে। এসময় সারা দেশে ইলিশ মাছ আহরণ, পরিবহন, ক্রয়-বিক্রয় ও মজুদ রাখা নিষিদ্ধ। এসময় ইলিশ আহরণে বিরত থাকা মৎস্যজীবীদেরকে ২০ কেজি হারে | সভায় বিস্তারিত আলোচনান্তে মা ইলিশ রক্ষার্থে আগামী ০৪ অক্টোবর হতে ২৫ অক্টোবর/২০২১ তারিখ | উপজেলা প্রশাসন ও উপজেলা সিনিয়র মৎস্য |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (VGF) এর চাউল প্রদান করা হবে। তিনি আরো বলেন অতিবৃষ্টির কারণে (বিশেষত:পানিগাতি ও ব্রক্ষগাতী এলাকায়) দিঘলিয়ার মৎস্য ঘেরসমূহ প্লাবিত হওয়ার শঙ্কা রয়েছে। ভাটার সময় স্লুইজগেটসমূহ খুলে দিয়ে অতিরিক্ত পানি Drain out করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উপজেলা প্রাণিসম্পদ অফিসার বলেন যে, গবাদি পশুর সংক্রামক অনেক বেড়ে গেছে। সে কারণে গবাদি পশুর সংক্রামক রক্ষার্থে ভ্যাকসিন প্রয়োগ করা ও খামার গুলিকে জীবানুমুক্ত রাখার জন্য জীবানুনাশক ব্যবহার করা একান্ত প্রয়োজন। | পর্যন্ত ইলিশ মাছ আহরণ, পরিবহন, ক্রয়-বিক্রয় ও মজুদ বিরুদ্ধে সারা দেশে অভিযান পরিচালনা করা এবং পানিগাতি ও ব্রক্ষগাতী এলাকার মৎস্য ঘেরসমূহ প্লাবিত হওয়ার হাত থেকে রক্ষার্থে স্লুইচগেট খুলে অতিরিক্ত পানি বের করে দেওয়াসহ সকল গবাদি পশু সংক্রামক রক্ষার্থে খামারীদেরকে তাদের খামারে নিয়মিত জীবানুনাশক ব্যবহার করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার, এবং উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৫ | উপজেলা জনস্বাস্থ্য কমিটির সুপারিশ | সভায় উপজেলা উপ-সহকারী প্রকৌশলী অফিসার জানান যে, বর্তমান ২০২১-২২ অর্থবছরে "খুলনা জেলার রুপসা, দিঘলিয়া ও তেরখাদা উপজেলায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন" শীর্ষক প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ৩২২ টি গভীর নলকূপ এবং PSWSC প্রকল্পের আওতায় ১৫৬ টি গভীর নলকূপ পাওয়া যায়। মাননীয় সংসদ সদস্য, খুলনা-৪ মহোদয়ের কাছে উক্ত বরাদ্দের অনুকুলে স্থান তালিকা প্রেরনের জন্য অনুরোধ করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে মাননীয় সংসদ সদস্য, খুলনা-৪ মহোদয়ের কাছ থেকে বরাদ্দের অনুকুলে তালিকা প্রাপ্তি স্বাপেক্ষে পরবর্তী ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| ০৬ | উপজেলা সমাজকল্যাণ স্থায়ী কমিটি সুপারিশ | সভায় উপজেলা সমাজ সেবা অফিসার জানান যে, ২০২০-২০২১ অর্থবছরে দ্বিতীয় ধাপে ১৫২টি উপজেলা শতভাগ ভাতার আওতায় এসেছে। তন্মধ্যে দিঘলিয়া উপজেলা আছে। এক্ষেত্রে যোগ্য ভাতাভোগীদের অনলাইনে আবেদন করতে বলা হলো। অনলাইনে আবেদন সকল ইউনিয়নের ডিজিটাল সেন্টার, উপজেলা ডিজিটাল সেন্টার ও যে কোন স্থানে কম্পিউটারে অনলাইন থেকে আবেদন করা যাবে। তিনি আরো বলেন "প্রান্তিক জনগোষ্টির জীবনমান উন্নয়ন" শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়ন হতে যাচ্ছে। সেখানে কামার, কুমার, জুতার কাজ, বাঁশ ও বেতের কাজ সেলুন, কাশা পিতল, নকশী কাথা, বংশীবাদক ইত্যাদি শ্রেনী পেশার মানুষের জন্য প্রশিক্ষণ ও প্রশিক্ষণ পরবর্তী অনুদান দেয়া হবে। এক্ষেত্রে নির্দিষ্ট জরীপ ফরমে আবেদন করা যাবে। সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভায় এ ব্যপারে বিস্তারিত আলোচনান্তে যোগ্য ভাতা প্রার্থীদের অনলাইনে ভাতার আবেদন করার জন্য প্রচার চালানো ও উদ্বুদ্ধ করতে হবে। প্রান্তিক জনগোষ্টির উক্ত পেশাভিত্তিক লোকদের জরীপ ফরম পূরণ ও পরবর্তী কার্যক্রম গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা সমাজসেব অফিসার, [illegible]লিয়া, খুলনা। |
| ০৭ | উপজেলা উন্নয়ন স্থায়ী কমিটির সুপারিশ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, বিআরডিবি সুফলভোগীদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে পুজি গঠন কার্যক্রম অব্যাহত আছে। এ পর্যন্ত পুজি গঠনের পরিমান ১২৪.৫২ লক্ষ টাকা। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিআরডিবি'র | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | দপ্তরের আওতাধীন বিভিন্ন প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে ঋণ বিতরণ লক্ষমাত্রা ৩২৬.৩২ লক্ষ টাকা প্রায় যার শতভাগ বিতরণ হবে মর্মে আশা পোষণ করেন। ইতোমধ্যে কোভিড-১৯ প্রনোদনা ঋণ (বিতরণ ৩৫.৫০ লক্ষ) টাকা সহ মোট ৫৪.৬১ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। চলতি অর্থবছরের ২ মাসে ২৫.৫২ লক্ষ টাকা আদায় করা হয়েছে। চলতি ঋণ আদায়ের হার ১০০%। মেয়াদউত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদ ও অফিসার ইনচার্জ এর নিকট হতে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। | সুফলভোগীদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে পুজি গঠন ও ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রাখার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | দিঘলিয়া, খুলনা। |
| ০৮ | উপজেলা যুব ও ক্রীড়া স্থায়ী কমিটি সুপারিশ | সভায় উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, গত ২০২০-২০২১ অর্থবছরে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রানুযায়ী ৪০০ জন প্রশিক্ষনার্থীর প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। চলতি ২০২১-২০২২ অর্থবছরে ৪২০ জনের প্রশিক্ষনার্থীর প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা পাওয়া গিয়েছে। লক্ষ্যমাত্রানুযায়ী সেপ্টেম্বর/২০২১ মাসে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ শুরু হবে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুসরন পূর্বক প্রশিক্ষনার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম সঠিক ভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৯ | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, কোভিড-১৯ এর কারণে দীর্ঘদিন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার পর এস এস সি/এইচ এস সি পরীক্ষা শুরু হতে যাচ্ছে পরীক্ষা সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পন্ন হওয়ার জন্য সকলের সহযোগিতা কামনা করছি। তিনি আরো বলেন হাজী ছায়েম উদ্দিন মাধ্যমিক বিদ্যালয় এবং আলহাজ্ব মোল্যা জালাল উদ্দিন কলেজ একই কমপ্লেক্স এ অবস্থিত হওয়ায় এ দুটি প্রতিষ্ঠানে কোন শহীদ মিনার নাই বিধায় উপজেলা পরিষদ, দিঘলিয়ার কাছে একটি শহীদ মিনারের জন্য আবেদন দাখিল করেছেন। তিনি দুইটি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য একটি শহীদ মিনার স্থাপনের জন্য সভায় সুপারিশ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে আসন্ন এস এস সি ও এইচ এস সি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনাসহ হাজী ছায়েম উদ্দিন মাধ্যমিক বিদ্যালয় এবং আলহাজ্ব মোল্যা জালাল উদ্দিন কলেজে একটি শহীদ মিনার স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১০ | বিবিধ আলোচনা<br>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সভায় উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, প্রতীভাময়ী ও ব্রক্ষগাতি সরকারি প্রাথমিক বিদ্যালয় এর শ্রেণী কক্ষে ঠিকাদারের মালামাল রেখে ক্লাস রুম বন্ধ করে রাখায় শ্রেণী কক্ষের অভাবে স্কুলে ছাত্র-ছাত্রীদের পাঠদান কার্যক্রম ব্যহত হচ্ছে। এ বিষয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষক উপজেলা শিক্ষা অফিসারকে লিখিত ও মৌখিকভাবে অবহিত করেছেন। তিনি আরো বলেন পূর্ব সেনহাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণের উদ্দেশ্যে পুরাতন ভবন অপসারন করতে হবে। ফলে বিদ্যালয়ে শ্রেনী কক্ষের স্বল্পতা দেখা দিবে এবং পাঠদান কার্যক্রম ব্যহত হবে। সে ক্ষেত্রে পুরাতন ভবনের টিন দিয়ে বিকল্প শ্রেনী কক্ষ নির্মাণের জন্য সভায় সুপারিশ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ লিখিত ভাবে ঠিকাদারদের তাদের মালামাল অপসারনের জন্য পত্র প্রেরন ও পূর্ব সেনহাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন ভবনের টিন নিলামের আওতাভুক্ত | উপজেলা প্রকৌশলী এবং উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | না করাসহ পুরাতন টিন দিয়ে শ্রেনী কক্ষ নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১১ | উপজেলা পরিসংখ্যা দপ্তর। | সভায় উপজেলা পরিসংখ্যান অফিসার জানান যে, করোনাকালীন সময়ে দেশের দারিদ্র্য পরিস্থিতি নিরুপনের জন্য সরকারের নির্দেশনায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো চলতি সেপ্টেম্বর মাসে Rapid Survey: poverty Assessment বা RSPA নামে একটি জরিপ পরিচলনা করে। এর ফলে করোনাকালীন এবং করোনা পরবর্তী বর্তমান সময়ের মাসুষের আয়-ব্যয়, জীবনযাত্রার মান, দারিদ্র্য হার ইত্যাদির সার্বিক চিত্র পাওয়ার পাশাপাশি দেশের বেকারত্ব, কর্মসংস্থান ও শ্রমশক্তি সম্পর্কে তথ্য পাওয়া যাবে। করোনার জন্য আমরা কতটা পিছিয়ে পড়েছি তা সঠিকভাবে নিরুপনের জন্য এবং সেই অনুযায়ী পরিকল্পনা প্রণয়ন এর জন্য এই জরিপটি কার্যকর ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন আগস্ট ও সেপ্টেম্বর মাসে বার্ষিক গবাদি পশু ও হাঁস-মুরগি প্রাক্কলন জরিপ, মৎস্য জরিপ, বন জরিপ যথাসময়ে সম্পন্ন হয়েছে। তিনি জানান গতমাসে জনশুমারির প্রিটেস্ট সম্পন্ন হয়েছে এবং জনশুমারিসহ বেশ কিছু জরিপ ও কাজ পাইপলাইনে আছে যার আপডেট তথ্য যথাসময়ে জানানো হবে। তিনি আরো জানান, মন্ত্রীপরিষদ বিভাগের জাতীয় নিরাপত্তা সংক্রান্ত কমিটির নির্দেশনায় ১৯৭১ সাল থেকে আটকে পড়া পাকিস্তানি নাগরিকের সংখ্যা নিরুপনের জন্য একটি উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পরিসংখ্যান কর্মকর্তা সংশ্লিষ্ট সকলকে এব্যপারে সহযোগিতা করার অনুরোধ করেন। | সাভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান মেনে দাপ্তরিক কার্য পরিচালনাসহ সরকার কর্তৃক বিভিন্ন জরিপর সঠিক ভাবে সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা। |
| ১২ | চেয়ারম্যান সেনহাটি ইউপি | সভায় ভারপ্রাপ্ত চেয়ারম্যান সেনহাটি ইউপি অবাধ, সুষ্ঠু , নিরপেক্ষ, নির্বাচন সম্পন্নের জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে আন্তরিক ধন্যবাদ জানান। | | |
| ১৩ | চেয়ারম্যান দিঘলিয়া ইউপি, | সভায় চেয়ারম্যানের পক্ষে সচিব দিঘলিয়া ইউপি উপজেলা নির্বাহী অফিসার সহ সকল অফিসাকে ধন্যবাদ জানান। তিনি বলেন তার ইউনিয়ন পরিষদে সেবা নিতে দূর দূরান্ত থেকে আসা সাধারন জনগনের জন্য একটি গভীর নলকূপ স্থাপনের জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে দূর দূরান্ত থেকে সেবা নিতে আসা সাধারণ জনগণের পানি পান করার জন্য আগামী বরাদ্দ থেকে একটি গভীর নলকূপ স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা উপ-সহকারী প্রকৌশল প্রজ[illegible]স্থ্য, দিঘলিয়া, খুলনা। |
| ১৪ | উপজেলা প্রকৌশলী দিঘলিয়া | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, প্রকৌশলী দপ্তর থেকে যখন কোন ঠিকাদারকে কার্যদেশ প্রদান করা হয়। তখন তাতে উল্লেখ থাকে যে তার কার্য চালানোর জন্য স্কুলের কোন রুম ব্যবহার করবেন না মর্মে চুক্তিতে উল্লেখ্য থাকে। তিনি বলেন জাইকার প্রজেক্ট হতে এমন কিছু প্রকল্প গ্রহন করা যেতে পারে যে সমস্ত এলাকায় শুকনো মৌসুমে পানির তীব্র সংকট দেখা দেয় সে সমস্ত এলাকায় অথবা বাজারের পাশে | সভায় বিস্তারিত আলোচনান্তে ঠিকাদার তার নিজ দায়িত্বে স্কুল নির্মাণের কাজ সম্পাদন করবেন এবং স্কুলের কোন ব্যবহার করতে | উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রথমিক শিক্ষা, ও সংশ্লিষ্ট দপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সাবমারসিবল ও পানির ট্যাংক স্থাপন করে বাজার কমিটি/ এলাকার কিছু লোকের সমন্বয়ে একটি কমিটি গঠন করে তাদের হাতে ন্যাস্ত করা যেতে পারে। এছাড়া সে খানে নাম মাত্র মূল্যে পানি বিক্রয় করে সেখানকার আনুসঙ্গিক খরচ মেটানো যায়। তিনি আরো বলেন সরকার চায় প্রত্যেকটি উপজেলায় নিয়মিত, সিটিজেন চ্যাটার আপডেট হোক, পঞ্চবার্ষিকী পরিকল্পনা আপডেট হোক, প্রতি বছর বার্ষিক বাজেট তৈরী করা হোক। তিনি আরো জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ উপজেলা-২ শাখা এর ১৬/০৮/২০২১ খ্রি: তারিখের ৪৫৪ নং স্মারক পত্রে "অনগ্রসর উপজেলা/প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা/কোভিড-১৯ প্রতিরোধ ইত্যাদি বিবেচনায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় বরাদ্দ"উপখাতে খুলনা জেলার দিঘলিয়া উপজেলায় ৩.৯৩ লক্ষ টাকা করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধকল্পে প্রতিরোধমূলক ব্যবস্থা (মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি বিনামূল্যে বিতরণ/সেবা প্রদান) করার জন্য নির্দেশনা প্রদান করেছেন। সে মোতাবেক উক্ত বরাদ্দকৃত টাকা দিয়ে R F Q পদ্ধতি অনুসরন পূর্বক কাজটি সম্পন্ন করার জন্য আলোচনা করেন। | পারবে না। জাইকার অর্থায়নে পানির ট্যাংক স্থাপনসহ অফিসিয়াল অন্যান্য কাজ সঠিক সময়ে করা এবং কোভিড-১৯ এর বরাদ্দকৃত ৩.৯৩ লক্ষ টাকার প্রক্কলন অনুমোদন ও কাজটি দ্রুত বাস্তবায়নের জন্য R F Q পদ্ধতি অনুসরন করে করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | দিঘলিয়া, খুলনা। |
| ১৫ | উপজেলা ভাইস চেয়ারম্যান মহিলা | সভায় উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা) জানান যে, যোগীপোল ইউনিয়নে শকনো মৌসুমে সু-পেয় পানির প্রচুর অভাব দেখা দেয়। তাছাড়া ও যোগীপল ইউনিয়নের ভৌগলিক পরিস্থিতি এমন যে ভূ-গর্ভের পানির লেয়ারটা এতটা নিচে অবস্থান করছে যে সরকারি যে সমস্ত গভীর নলকূপ স্থাপন করা হলেও খাবারযোগ্য পানি পাওয়া অসম্ভব হয়ে পড়ে। এমতাবস্থায় এলাকা বাসির সু-পেয় পানির কষ্ট নিরসন কল্পে উপজেলা জাইকার অর্থায়নে সাবমারসিবল ও একটি বড় পানির ট্যাংক স্থাপন করে সেখানকার সাধারণ জনগনের কষ্ট লাঘব করা যেতে পারে। | সভায় বিস্তারিত আলোচনান্তে যোগীপল ইউনিয়ন বাসির সু-পেয় পানির জন্য জাইকার অর্থায়নে একটি সাবমারসিবল ও পানির ট্যাংক স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা। |
| ১৬ | উপজেলা ভাইস চেয়ারম্যান | সভায় উপজেলা ভাইস চেয়ারম্যান জানান যে, স্থায়ী কমিটির সদস্য সচিবদের দৃষ্টি আকর্ষণ করে বলেন কমিটির সভা যাতে নিয়মিত দুই মাস পর সঠিক ভাবে আহবান কমিটির রেজুলেশন দপ্তরে সংরক্ষন করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে স্থায়ী কমিটির সভা নিয়মিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সংশ্লিষ্ট দপ্তর, দিঘলিয়া, খুলনা। |
| ১৭ | উপজেলা নির্বাহী অফিসার | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বয়স্ক, বিধবা, ভাতার এম, আই, এস এর কাজ ম্যানেজান সোনালী ব্যাংককে বুঝিয়ে দেওয়া হয়েছে। সরকারী নীতিমালা অনুযায়ী ভাতার কার্যক্রম সম্পন্ন করা হবে। তিনি সকল দপ্তর প্রধানের দৃষ্টি আকর্ষন করে বলেন যে ভূমিহীন আশ্রয়ন কেন্দ্রে বসবাসরত সকল সাধারণ মানুষের সমস্যাগুলো চিহ্নিত করে বিভিন্ন দপ্তরের আওতায় যে সেবা রয়েছে তার মাধ্যমে দ্রুত সমাধান করার কথা বলেন। তিনি আরো বলেন জাইকার প্রজেক্ট থেকে উপজেলা মোড় হতে পথের বাজার পর্যন্ত সোলার লাইট স্থাপন করা যেতে পারে। এছাড়া বারাকপুর ও দিঘলিয়া ইউনিয়নের জলাবদ্ধতা | সভায় বিস্তারিত আলোচনান্তে বয়স্ক ও বিধবা ভাতার কার্যক্রম সরকারি নীতিমালা অনুযায়ী বাস্তবায়ন করা, ভূমিহীন আশ্রায়নে বসবাসরতদের বিভিন্ন দপ্তরের মাধ্যমে সেবা প্রদান, এবং জাইকার | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অগ্রধিকার ভিত্তিতে দূরীকরণের প্রকল্প গ্রহণ করা যেতে পারে। তিনি আরো বলেন মডেল মসজিদ নির্মাণের কাজটি জমি সংক্রান্ত জটিলতার কারনে দীর্ঘদিন বন্ধ রয়েছে। মসজিদের জমির এল (L) আকৃতি, কিবলা সংক্রান্ত জটিলতা এবং পার্শ্ববর্তী জমি মালিকদের পূর্বের অঙ্গীকার মোতাবেক জমি এওয়াজ বদলে রাজী না হওয়ার প্রেক্ষিতে ৩১ শতক জমি অধিগ্রহনের প্রস্তাব প্রেরণ করা হয়েছিল। কিন্তু এখনো প্রশাসনিক অনুমোদন না পাওয়ায় সমজিদ নির্মাণ কাজ অনিশ্চয়তার মধ্যে পড়েছে। ইতোমধ্যে ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক কতৃক কিবলা আগেরমত রাখলে অসুবিধা নেই মর্মে মুফতিগনের মতামত সম্বলিত পত্র পাওয়া গিয়েছে। তাই বর্তমান পরিস্থিতি বিবেচনায় পক্ষগনের সাথে আলোচনাক্রমে ২০১৮ সালের অঙ্গীকার নামা ও বর্তমান বাস্তবতার আলোকে মসজিদ কমিটি ও পার্শ্ববর্তী জমির মালিকগনের মধ্যে এওয়াজ বদল দলিল সম্পাদন করে মডেল মসজিদ সংক্রান্ত জটিলতা নিরসন করা একান্ত জরুরী। স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক দিঘলিয়া উপজেলার ইউনিয়ন পরিষদ ভবন মেরামতের জন্য নিম্নরুপ ভাবে অগ্রধিকার ভিত্তিতে তালিকা অনুমোদন করা যেতে পারে। তালিকা যথা ক্রমে: ১। দিঘলিয়া ইউনিয়ন পরিষদ, ২। যোগীপোল ইউনিয়ন পরিষদ, ৩। বারাকপুর ইউনিয়ন পরিষদ, ৪।সেনহাটি ইউনিয়ন পরিষদ। | অর্থায়নে অগ্রাধিকার ভিত্তিতে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করাসহ মডেল মসজিদের জমিসংক্রান্ত জটিলতা নিরসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা সহ অগ্রধিকার ভিত্তিতে ইউনিয়ন পরিষদগুলি মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | খুলনা। |
| ১৮ | চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা। | সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ দিঘলিয়া জানান যে, পরিষদের পাম্প হাউজের পাশে আনসার ব্যারাকের কাজ করতে গিয়ে পানির পাইপ ক্ষতিগ্রস্থ হয়েছে। পানির পাইপ মেরামতসহ আনসার ব্যারাকের বাইরে দিয়ে পাম্প হাউজের পানির লাইন নেওয়া প্রয়োজন। তিনি আরো বলেন ইদানিং ডেঙ্গু মশার উপদ্রব বেড়ে যাওয়ায় উপজেলা পরিষদ, থানা, হাসপাতাল, বিভিন্ন ইউনিয়নের বাজার গুলোতে ফগার মেশিন দিয়ে স্প্রে করা প্রয়োজন। তিনি বলেন উপজেলা পরিষদের ডিজিটাল সেন্টারে নিয়োজিত উদ্যোক্তা জনাব বিয়েল শেখ অন্যত্র চাকরীতে যোগদান করায় ডিজিটাল সেন্টারে সেবা নিতে আসা লোকেরা সেবা পাওয়া হতে বঞ্চিত হচ্ছে। বর্তমানে তার জায়গায় জনাব উজ্জল দাস কাজ করছেন। সে কারনে ডিজিটাল সেন্টারের শূন্য পদে জনাব উজ্জল দাসকে উদ্যোক্তা হিসেবে নিয়োগ করা যেতে পারে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পাম্প হাউজের পানির পাইপ মেরামতসত আনুষঙ্গিক কাজ সম্পাদন, মশার ঔষধ ক্রয়,ও স্প্রে,করা এবং উপজেলা ডিজিটাল সেন্টারে উদ্যোক্তা হিসাবে জনাব উজ্জল দাসকে নিয়োগ প্রদান,করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |

**আগস্ট, ২০২১ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিস্তারিত বিবরণ**

| মাসের নাম | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫০০০/-<br>০৩। উপজেলা পরিষদের কমিটির সভা পরিচালনা ব্যয় বাবদ=৮০০০/-<br>০৪। চেয়ারম্যান মহোদয়ের আগস্ট/২০২১ মাসের সম্মানী ও বাড়ীভাড়া = ৪৫,০০০/-<br>০৫। ভাইস চেয়ারম্যানের আগস্ট/২০২১ মাসের সম্মানী = ২৭,০০০/- | ৩,৯২, ০৮৫/- |

| | |
|---|---|
| | ০৬। মহিলা ভাইস চেয়ারম্যানের আগস্ট/২০২১ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৭। জনাব টিমলা দাস, পরিচ্ছন্নতা কর্মী এর আগস্ট/২০২১মাসের দৈনিক ভাতা বাবদ=১৪,৮৫০/-<br>০৮। জনাব লিয়াকত আলী খান, মালী এর আগস্ট/২০২১মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৪,৮৫০/-<br>০৯। চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলনা এর আগস্ট/২০২১মাসের ভ্রমণ বিল বাবদ ১১,৮৭৫/-<br>১০। ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর আগস্ট/২০২১ মাসের ভ্রমণ বিল বাবদ=৬৫০০/-<br>১১। ভাইস চেয়ারম্যান মহিলা উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর আগস্ট/২০২০ মাস ভ্রমণ বিল বাবদ= ৬,৫০০/-<br>১২। মোঃ রাইছুল ইসলাম এর নামে উপজেলা পরিষদের অফিসিয়াল মালামাল ও টেলিফোন সেট ক্রয় বাবদ=৪,৮০০/-<br>১৩। মোঃ মিজানুর রহমান এর নামে উপজেলা পরিষদের জীপ গাড়ীর যন্ত্রংশ ক্রয় এর বাবদ=৪১,৯৭০/-<br>১৪। মোসাঃ সালেহা বেগম এর নামে উপজেলা পরিষদের বাসা বাড়ি মেরামত বাবদ=৮৯,৮১৪/-<br>১৫। মোসাঃ সালেহা বেগম এর নামে উপজেলা পরিষদ পরিস্কার পরিচ্ছ এবং অপ্রত্যশিত খাত হতে জরুরী অবকাঠামো রাস্তঘাট উন্নয়ণ শ্রমিকের মুজরী বিল বাবদ=৫৮,৯২৬/- | |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শেখ মারুফুল ইসলাম)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।

তারিখ: ২৯.০৯.২০২১ খ্রি:

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০-

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। জনাব আব্দুস সালাম মূর্শেদী, মাননীয় সংসদ সদস্য- ১০২, খুলনা-৪, যুব ও ক্রীড়া এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থায়ী কমিটির সদস্য।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, খুলনা।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৬। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান মহিলা, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৭। উপজেলা ..................................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
০৮। চেয়ারম্যান, ....................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।
০৯। জনাব ..........................................................................সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলন

(মোঃ মাহবুবুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
দিঘলিয়া, খুলনা।
ফোন: ০৪১-৮৯০০০২
unodigholia@mopa.gov.bd